

সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিঃ
জেনারেল সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা
তালিকাভুক্তির জন্য আবেদন

সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড - এ নিম্নোক্ত গ্রুপে তালিকাভুক্তির জন্য আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী দুই (২) বছরের জন্য তালিকাভুক্তির আবেদন পত্র দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছেঃ

(১) তালিকাভুক্তির জন্য প্রস্তাবিত গ্রুপ সমূহঃ

- গ্রুপ - এ : অভ্যন্তরীণ সাজসজ্জার সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনকারী প্রতিষ্ঠান;
গ্রুপ - বি : জেনারেটর সরবরাহ ও স্থাপনকারী প্রতিষ্ঠান (কেবলমাত্র অনুমোদিত পরিবেশক)
গ্রুপ - সি : সাইনবোর্ড, ব্র্যান্ডিং সরবরাহ ও স্থাপনকারী প্রতিষ্ঠান,
গ্রুপ - ডি : প্রিন্টিং স্টেশনারী মুদ্রণ ও সরবরাহকারী প্রতিষ্ঠান,
গ্রুপ - ই : কুরিয়ার সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান;

(২) আবেদনের শর্তাবলী ও প্রয়োজনীয় তথ্যাদিঃ

- (ক) প্রতিষ্ঠানের প্যাডে "বিভাগীয় প্রধান, জেনারেল সার্ভিসেস ডিভিশন" বরাবর আবেদন পত্র জমা প্রদান করতে হবে (খামের উপর ও আবেদন পত্রে তালিকাভুক্তির জন্য কাঙ্ক্ষিত গ্রুপের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে);
(খ) (১) গ্রুপ - এ এর জন্য টাকা ২০.০০ লক্ষ এবং ততোধিক; (২) গ্রুপ - বি এর জন্য টাকা ৫.০০ লক্ষ এবং ততোধিক; (৩) গ্রুপ - সি এর জন্য টাকা ২.০০ লক্ষ এবং ততোধিক; (৪) গ্রুপ - ডি এর জন্য টাকা ৫.০০ লক্ষ এবং ততোধিক মূল্যের কার্যাদেশ এবং সংশ্লিষ্ট কার্যাদেশের বিপরীতে সন্তোষজনক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। প্রতিটি ক্ষেত্রে অন্তত ৫ (পাঁচ) টি কার্যাদেশ এবং প্রত্যয়নপত্র জমা প্রদান করতে হবে।
(গ) সাইনবোর্ড, ব্র্যান্ডিং সরবরাহ ও স্থাপনকারী, প্রিন্টিং স্টেশনারী মুদ্রণ ও সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্রিন্টিং, মেশিনারীজ থাকা বাধ্যতামূলক;
(ঘ) গ্রুপ - ই এর তালিকাভুক্তির জন্য বিভিন্ন জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে অবস্থিত শাখা সমূহের নাম, ঠিকানা ও যোগাযোগের নম্বর উল্লেখ করতে হবে;

(২.১) সাধারণ শর্তাবলী (সকল গ্রুপের জন্য প্রযোজ্য)ঃ

- (ক) আবেদন পত্রের সাথে "সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লি." এর অনুকূলে টাকা ২,০০০/- (দুই হাজার টাকা মাত্র) মূল্যের পে-অর্ডার (অফেরতযোগ্য) প্রদান করতে হবে। পে-অর্ডার ব্যতীত সকল আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।
(খ) তালিকাভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠান সমূহকে তালিকাভুক্তির ফি বাবদ টাকা ১০,০০০/- (টাকা দশ হাজার মাত্র) মূল্যের পে-অর্ডার (অফেরতযোগ্য) "সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লি." এর অনুকূলে প্রদান করতে হবে। পে-অর্ডার ব্যতীত তালিকাভুক্তি বাতিল বলে বিবেচিত হবে। উল্লেখ্য তালিকাভুক্তি কার্যাদেশ প্রদানের নিশ্চয়তা বহন করবে না।
(গ) সমসাময়িক ট্রেড লাইসেন্স, ই-টিআইএন, বিআইএন, মেমোরেন্ডাম ও আর্টিক্যাল অফ এ্যাসোসিয়েশন/ পার্টনারশিপ ডিড (প্রযোজ্য ক্ষেত্রে) এর অনুলিপি;
(ঘ) প্রতিটি গ্রুপে তালিকাভুক্তির জন্য ০১.০৭.২০২১ হতে ৩০.০৬.২০২২ তারিখ পর্যন্ত প্রতিষ্ঠানের "ব্যাংক হিসেব বিবরণী" জমা প্রদান করতে হবে (মূল কপি);
(ঙ) বিভিন্ন তফসিলী ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানে অনুরূপ কাজের জন্য কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং এর স্বপক্ষে উপযুক্ত প্রমাণাদি জমা প্রদান করতে হবে।
(চ) বিভিন্ন গ্রাহকের বিবরণ (নাম, পদবী, অফিসের ঠিকানা ও যোগাযোগের নম্বর);
(ছ) প্রতিষ্ঠানের জনবলের বিবরণ (আইবি/আএবি নম্বর, যোগাযোগের নম্বর, ই-মেইল ইত্যাদি);
(৩) আবেদন পত্র জমা প্রদানের সময়সীমাঃ উপরোক্ত সকল শর্তাবলী পরিপালন সাপেক্ষে এপ্রিল ১০,২০২২ তারিখবিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্ন ঠিকানায় আবেদন দাখিল করতে হবে।

আবেদনের সকল শর্তাবলী পরিপালন করা না হলে কোন কারন দর্শানো ছাড়াই আবেদন বাতিলের অধিকার ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

স্বা/-

বিভাগীয় প্রধান
জেনারেল সার্ভিসেস ডিভিশন, প্রধান কার্যালয়,
সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিঃ
সানমুন স্টার টাওয়ার (লেভেল-১০), ৩৭, দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।